

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ২২৩.২০১৮-৩২০৮

তারিখঃ ২ আষাঢ় ১৪২৫
০ জুলাই ২০১৮

বিষয় : রীট পিটিশন নং- ৬৫৭০/২০১৮ [পিটিশনার জনাব মাও সেতুং তংচঙ্গা, পিতা- গণেশ তংচঙ্গা, গ্রাম- ওয়াইং পাড়া (ব্যাঙ্গা মৌজা), ডাকঘর- রৌবাংগেহরি, থানা- রৌবাংগেহরি, জেলা- বান্দরবান- বনাম - সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ১৬.৫.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, “Development of Maini Mukh Forest Office to Durchasei Bazar Road ch. 6631-8454m (e-gp ID- 59689)” এর আওতায় স্কীম প্যাকেজ নং- WD/RIDPCHT-2/RANG/LANGU/UZB/W12 এর ব্যাংক গ্যারান্টি বাজেয়াপ্তকরণ সংক্রান্ত আদেশ চ্যালেঞ্জ করে পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেও তর্কিত স্মারকটি কেন বে-আইনী ঘোষণা করা হবে না সে মর্মে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত ৬নং প্রতিপক্ষকে ব্যাংকে গচ্ছিত অর্থ আদেশের তারিখ থেকে ৩ (তিন) মাসের মধ্যে বাজেয়াপ্ত করার উপর নিষেধাজ্ঞা জারী করেছেন। বিজ্ঞ আদালতের আদেশ প্রতিপালনপূর্বক সরকার পক্ষে রিটে প্রতিদ্বন্দিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান প্রকৌশলী,
এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
২. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাস্তামাটি।
৩. প্রকল্প পরিচালক, আরআইডিপিএইচটি-২, এলজিইডি, ঢাকা।
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি/ মাস্টার কপি।